

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.২৪.০০৫.২৪/১১৪

তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ।

**বিষয়: WCO Asia-Pacific Regional Data/Intelligence Professionals Programme এ  
অংশগ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান।**

সূত্র: WCO হতে প্রাপ্ত পত্র নং- 24FL0528E, তারিখ: ২৭ আগস্ট ২০২৪ খ্রিঃ/ ব্রাসেলস।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, Regional Intelligence Liaison Office for Asia and the Pacific (RILO A/P) এর সহযোগিতায় Asia-Pacific Region এর উন্নয়নশীল সদস্য রাষ্ট্রসমূহের জন্য WCO Asia-Pacific Regional Data/Intelligence Professionals Programme [৬ দিন অনলাইন প্রশিক্ষণ ও টোকিও জাপানে চার সপ্তাহ মেয়াদে (আগামী ফেব্রুয়ারি/মার্চ ২০২৫ খ্রিঃ) ইন-পার্সন প্রশিক্ষণ] আয়োজন করা হবে। প্রোগ্রামটি Japan Customs Administration অর্থায়ন করবে।

২। প্রোগ্রামের মূল উদ্দেশ্য হলো- প্রশিক্ষণ এবং (RILO A/P) এর কর্মপরিবেশে কাজের অভিজ্ঞতার মাধ্যমে বুদ্ধি ব্যবস্থাপনা, কাস্টমস ডাটা ও গোয়েন্দা তথ্যের পদ্ধতিগত বিশ্লেষণ এবং কাস্টমস এনফোর্সমেন্ট বিষয়ে কর্মকর্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদান করে তাঁদের আপডেটেড জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা।

৩। আলোচ্য প্রোগ্রামের মাধ্যমে যথাযথ টেকনিক্যাল জ্ঞান সমৃদ্ধ কাস্টমস কর্মকর্তাদের WCO কর্তৃক বাছাই করা হবে। WCO Secretariat বাছাইকৃত কর্মকর্তাদের RILO A/P এর বহুমাত্রিক কার্যক্রম, Customs Enforcement Network (CEN) Application সম্পর্কে আপডেটেড প্রয়োজনীয় জ্ঞান অর্জনের লক্ষ্যে সর্বোচ্চ ৬ দিন অনলাইন প্রশিক্ষণ প্রদান করবে এবং নির্বাচিত কর্মকর্তাদের টোকিও, জাপানে চার সপ্তাহ পর্যন্ত আগামী ফেব্রুয়ারি/মার্চ ২০২৫ খ্রিঃ মেয়াদে ব্যবহারিক অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে ইন-পার্সন প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রোগ্রামের জন্য উল্লেখযোগ্য শর্তাবলী:

- (১) কাস্টমস দপ্তরে ৩ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে; এবং
- (২) বয়স ৩৫ বছর এর উর্ধ্বে নয়।

এছাড়া, Programming Skill যেমন- Python, R, etc এবং Data Visualization Skill যেমন- Power BI, Tableau ইত্যাদি বিষয়ে জ্ঞানসম্পন্ন কর্মকর্তাদের আবেদন করতে সুপারিশ করা হয়।

[ দ্রষ্টব্য: Annex 1, (c) Eligibility, requirements and condition of candidacy]

৪। আলোচ্য প্রোগ্রামটি অংশগ্রহণকারী সদস্যরাষ্ট্রের সময়োপযোগী চাহিদার ভিত্তিতে প্রণীত এবং বর্ণিত প্রোগ্রামের মাধ্যমে অর্জিত জ্ঞান যথাযথভাবে প্রয়োগে সক্ষম এমন আবেদনকারী বাছাই এর জন্য সুনির্দিষ্ট শর্তাবলী ও যোগ্যতা উল্লেখ করা হয়েছে। প্রেরিত ইমেইল ও পত্রের সাথে সংযুক্ত দলিলাদিতে Programme Charter এ বিস্তারিত তথ্যাদি, প্রার্থী মনোনয়ন/নির্বাচনের ক্ষেত্রে যোগ্যতা/শর্ত এবং আবেদনের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত উল্লেখ রয়েছে।

৫। বর্ণিত প্রেক্ষিতে, আলোচ্য WCO Asia-Pacific Regional Data/Intelligence Professionals Programme এ অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে (সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) আগামী ১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নোক্ত দলিলাদিসমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় রাজস্ব

বোর্ডে ই-মেইলযোগে [wcoaffairs.nbr@gmail.com] সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বরাবর [দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব (Customs: WCO Affairs)] প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) আবেদনপত্রের MS Word (Nikosh Font-12) Copy ও PDF Copy এবং  
খ) “আবেদনের শর্তাবলী” অনুযায়ী প্রয়োজনীয় প্রমাণক এর -PDF Copy;



( অনুপম চাকমা )

দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ই-মেইল: chanupam3054@gmail.com

**বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, পায়রা বন্দর ভবন, কাকরাইল, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১০. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মুসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১২. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
১৩. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (গ্রেড-১), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।